[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

বিশেষ আদেশ নং-৮/মূসক/২০২৫ তারিখঃ ১০ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৪ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ The Global Fund এর অর্থায়নে বাংলাদেশে পরিচালিত বিভিন্ন প্রোগ্রামসমূহের জন্য পণ্য সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

যেহেতু, বাংলাদেশ সরকারের সহিত আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা The Global Fund এর মধ্যে ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদিত হইয়াছে। এছাড়া, The Global Fund ও উহার অর্থায়নে Prime partner কর্তৃক পরিচালিত প্রোগ্রামসমূহের জন্য পণ্য সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি প্রদান করা হইলে দেশের প্রান্তিক এলাকাসমূহের অবহেলিত ও হতদরিদ্র জনগোষ্ঠীর মধ্যে বিনামূল্যে এইডস, যক্ষ্মা এবং ম্যালেরিয়া রোগের চিকিৎসা সেবা প্রদান করা যাইবে;

যেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিশেষ আদেশ দ্বারা কোন আন্তর্জাতিক বা দ্বি-পক্ষীয় চুক্তি বাস্তবায়নের জন্য সীমা ও শর্ত আরোপ করে সরবরাহ গ্রহণ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদানের বিধান রহিয়াছে;

সেহেতু, The Global Fund ও উহার অর্থায়নে বাংলাদেশে পরিচালিত **'পরিশিষ্ট-ক'** এ বর্ণিত প্রোগ্রামসমূহের জন্য পণ্য সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ সীমা ও শর্ত সাপেক্ষে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

সীমা ও শর্তঃ

(ক) বাংলাদেশে The Global Fund ও উহার অর্থায়নে Prime partner কর্তৃক পরিচালিত শুধুমাত্র **'পরিশিষ্ট-ক'** তে উল্লিখিত প্রোগ্রামসমূহ এই অব্যাহতি সুবিধা ভোগ করিবে।

(খ) The Global Fund ও **'পরিশিষ্ট-ক'** এ উল্লিখিত প্রোগ্রামসমূহের জন্য The Global Fund এর নিজস্ব অর্থায়নে উক্ত প্রোগ্রামসমূহের উদ্দেশ্যপূরণকল্পে সরাসরি সম্পর্কিত যেকোনো সরবরাহ বা সেবা ক্রয়ের ক্ষেত্রে The Global Fund বা প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে মূল্য সংযোজন কর পরিশোধ করিতে হইবেনা। তাহার পরিবর্তে The Global Fund কর্তৃপক্ষ সরবরাহকারী বা সেবা প্রদানকারীকে **'পরিশিষ্ট-খ'** এ নির্দেশিত ছকে মূসক অব্যাহতির কূপন প্রদান করিবেন এবং উহাতে প্রোগ্রামের নাম ও লোগোসহ The Global Fund প্রদত্ত বৎসরভিত্তিক ধারাবাহিক ক্রমিক সংখ্যা ও তারিখ উল্লেখ থাকিবে।

(গ) প্রতিটি ক্ষেত্রে এইরূপ কূপনের চারটি অনুলিপি থাকিবে। প্রথম অনুলিপিটি **['পরিশিষ্ট-খ'(১)]** সাদা কাগজে মুদ্রিত হইবে, যাহা প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে। দ্বিতীয় অনুলিপিটি **['পরিশিষ্ট-খ'(২)]** গোলাপী রংয়ের কাগজে মুদ্রিত হইবে, যাহা পণ্য বা সেবা সরবরাহকারী সংশ্লিষ্ট মূসক কমিশনারেটে প্রেরণ করিবে। তৃতীয় অনুলিপিটি **['পরিশিষ্ট-খ'(৩)]** হালকা নীল (আকাশী) রংয়ের কাগজে মুদ্রিত হইবে, যাহা প্রকল্প কর্তৃপক্ষ The Global Fund কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে এবং এই কপি দিয়ে The Global Fund সংশ্লিষ্ট মূসক কমিশনারেটে করমেয়াদ ভিত্তিক হিসাব **'পরিশিষ্ট-গ'** তে প্রেরণ করিবেন। চতুর্থ অনুলিপিটি **['পরিশিষ্ট-খ'(৪)]** হলুদ রংয়ের কাগজে মুদ্রিত হইবে, যাহা সরবরাহ বা সেবা গ্রহণকারী দাখিলপত্রের সহিত সংযুক্ত করিয়া দাখিলপত্র প্রদান করিবেন।

(ঘ) কেবল সংশ্লিষ্ট মূসক কমিশনার কর্তৃক মনোনীত কর্মকর্তার প্রত্যয়নকৃত কূপনই ব্যবহার করা যাইবে। The Global Fund ও প্রকল্প কর্তৃপক্ষ কূপন প্রত্যয়নের লক্ষ্যে তাহা ব্যবহারের ন্যূনতম চৌদ্দদিন পূর্বে কমিশনার মনোনীত কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(ঙ) পণ্য সরবরাহকারী বা সেবা প্রদানকারী প্রতি করমেয়াদে কূপনের বিপরীতে সরবরাহ বা সেবা প্রদানের হিসাব দাখিলপত্র (ফরম মূসক ৯.১) এর অংশ-৩ এর নোট-৩ এ প্রদর্শন করিবে এবং দাখিলপত্রের সহিত কূপনের চতুর্থ অনুলিপিটি সংযুক্ত করিয়া সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটে প্রেরণ করিবেন। কোন মাসের অব্যাহতি ঐ করমেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করা না হইলে তাহা পরে আর সমন্বয় করা যাইবে না এবং সরবরাহকারীকে প্রযোজ্য মূসক পরিশোধ করিতে হইবে। পণ্য সরবরাহ বা সেবা প্রদানকারী কূপনের ছায়ালিপি নিজ দপ্তরে সংরক্ষণ করিবেন। কূপনের সত্যতা পরীক্ষার লক্ষ্যে কোন প্রকার ক্রসচেক করার প্রয়োজন হইলে মূসক কর্মকর্তার চাহিদা অনুযায়ী তাহা উপস্থাপন করিতে হইবে। এইক্ষেত্রে কূপন দাতা ও কূপন গ্রহীতা উভয়েই তাহা পাঁচ বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।

(চ) দাখিলপত্রের সহিত প্রাপ্ত কূপনসমূহের যথার্থতা সংশ্লিষ্ট মূসক কমিশনারেট ও প্রকল্প কর্তৃপক্ষ হইতে যাচাইপূর্বক বিধি মোতাবেক দাখিলপত্রের নিষ্পত্তি করিবেন। কমিশনারেট তার অধীনস্থ সকল দপ্তর হইতে প্রাপ্ত বিবরণী সমন্বিত করিয়া জাতীয় রাজস্ব বোর্ডের মূসক করদাতা সেবা অনুবিভাগকে অবহিত করিবেন।

(ছ) The Global Fund এর অর্থায়নে পরিচালিত প্রকল্প কর্তৃপক্ষ **'পরিশিষ্ট-গ'** তে প্রতি মাসের মূসক অব্যাহতির বিবরণী বাংলাদেশস্থ The Global Fund দপ্তরে প্রেরণ করিবেন। The Global Fund কর্তৃপক্ষ তা সমন্বিত করিয়া প্রতি মাসে জাতীয় রাজস্ব বোর্ডের মূসক করদাতা সেবা অনুবিভাগের নিকট প্রেরণ করিবেন।

**পরিশিষ্ট-ক**

**The Global Fund Funded Program**

| SL. NO. | Name of the Program | Name of the Implementing Partner | Program Duration | Lead Ministry |
|---|---|---|---|---|
| 1. | Continuation and scale up of Prioritized HIV Prevention and Treatment Services for Key Population in Bangladesh | National AIDS and STD Program (NASP)<br><br>Save the Children International (SCI)<br><br>International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh (icddr,b) | Till December, 2026 | Ministry of Health & Family Welfare |
| 2. | Integrated Tuberculosis Care and Prevention for enhancing case findings, health system strengthening and sustainability | National Tuberculosis Control Program (NTP)<br><br>BRAC | Till December, 2026 | Ministry of Health & Family Welfare |
| 3. | Journey Towards Targeted Malaria Elimination in Bangladesh | National Malaria Elimination Program (NMEP)<br><br>BRAC | Till December, 2026 | Ministry of Health & Family Welfare |

(১)

[The Global Fund পরিচালিত প্রোগ্রামের নাম ও লোগো]

মূসক অব্যাহতি কূপন নং- The Global Fund

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | |

তারিখ............................... খরিদ ক্রম নং.......................................

ক্রেতার নাম, পদবী ও ঠিকানাঃ..........................................................................
..........................................................................................

সর্বমোট মূল্য : ..........................................................................
মূসক অব্যাহতি : ..........................................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী): ................. মূসক নিবন্ধন নং: ..........................

ঠিকানাঃ..........................................................................................
..........................................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহরঃ বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহরঃ

..............................

মূসক কর্মকর্তার প্রত্যয়নঃ

নাম ও পদবীঃ স্বাক্ষর ও সীলমোহরঃ

প্রকল্প কর্তৃপক্ষের অনুলিপি (সাদা)



(২)

[The Global Fund পরিচালিত প্রোগ্রামের নাম ও লোগো]

মূসক অব্যাহতি কূপন নং- The Global Fund

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | |

তারিখ............................ খরিদ ক্রম নং.......................................

ক্রেতার নাম, পদবী ও ঠিকানাঃ..........................................................................
..........................................................................................

সর্বমোট মূল্য : ..........................................................................
মূসক অব্যাহতি : ..........................................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী): ................. মূসক নিবন্ধন নং: ..........................

ঠিকানাঃ..........................................................................................
..........................................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহরঃ বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহরঃ

..............................

মূসক কর্মকর্তার প্রত্যয়নঃ

নাম ও পদবীঃ স্বাক্ষর ও সীলমোহরঃ

মূসক কমিশনারেটে অনুলিপি (গোলাপী)

পরিশিষ্ট-খ (৩)

(৩)

[The Global Fund পরিচালিত প্রকল্পের নাম ও লোগো]

মূসক অব্যাহতি কূপন নং- The Global Fund

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | |

তারিখ................................ খরিদ ক্রম নং..........................................

ক্রেতার নাম, পদবী ও ঠিকানাঃ..........................................................

..........................................................................................

সর্বমোট মূল্য : ......................................................................

মূসক অব্যাহতি : ....................................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী): .................. মূসক নিবন্ধন নং: ........................

ঠিকানাঃ.................................................................................

.........................................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহরঃ বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহরঃ

...............................

মূসক কর্মকর্তার প্রত্যয়নঃ

নাম ও পদবীঃ স্বাক্ষর ও সীলমোহরঃ

The Global Fund কর্তৃপক্ষের অনুলিপি (আকাশী)

পরিশিষ্ট-খ (৪)

(৪)

[The Global Fund পরিচালিত প্রোগ্রামের নাম ও লোগো]

মূসক অব্যাহতি কূপন নং- The Global Fund

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | |

তারিখ................................ খরিদ ক্রম নং..........................................

ক্রেতার নাম, পদবী ও ঠিকানাঃ..........................................................

..........................................................................................

সর্বমোট মূল্য : ......................................................................

মূসক অব্যাহতি : ....................................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী): .................. মূসক নিবন্ধন নং: ........................

ঠিকানাঃ.................................................................................

.........................................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহরঃ বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহরঃ

...............................

মূসক কর্মকর্তার প্রত্যয়নঃ

নাম ও পদবীঃ স্বাক্ষর ও সীলমোহরঃ

পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী অনুলিপি (হলুদ)

পরিশিষ্ট-গ

**The Global Fund কর্তৃক বাংলাদেশে পরিচালিত বিভিন্ন প্রোগ্রামসমূহের জন্য পণ্য সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূসক অব্যাহতির বিবরণী**

**মাসঃ ......................................**

| ক্রমিক নং | সরবরাহ বা সেবা গ্রহণকারী প্রকল্পের নাম | সরবরাহ বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | সরবরাহ বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের মূসক নিবন্ধন নম্বর | কুপন নম্বর ও তারিখ | মূসক চালানপত্র নম্বর ও তারিখ | মূসক চালানপত্রে উল্লিখিত মোট বিক্রয়মূল্য | প্রযোজ্য মূসক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাঃ/-

( ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী )
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

প্রাপকঃ উপ পরিচালক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

[তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০২.১৮/ ১১১ (অনু-৬২) তারিখঃ ২৪ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রেসিডেন্ট, আপিল ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৪-৭। সদস্য (কাস্টমস নীতি)/ (মূসক নীতি)/ (মূসক বাস্তবায়ন ও আইটি)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮-১৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/ কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
২০-২৫। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
২৬-২৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
৩০। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
৩১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
৩২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩৩-৩৫। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা)/(কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৬। মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থ উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৩৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

24 March 25

( ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী )
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)